

সঙ্কটের মুখে বক্স শিল্প, টানা ৩ দিন উৎপাদন বন্ধের ডাক

By kolkatanewstoday - March 10, 2021



সঙ্কটের মুখে পূর্ব ভারতের করুগেটেড (Corrugated) বক্স শিল্প। পরিস্থিতি এমনই যে, এই শিল্প এখন অস্তিত্বের সঙ্কটে পড়েছে। বুধবার এক সাংবাদিক বৈঠকে এই উদ্বেগের কথা জানিয়েছে Eastern India Corrugated Box Manufacturers' Association (EICMA)।

এই সঙ্কটের জেরে বৃহস্পতিবার (১১ মার্চ) থেকে টানা ৩ দিন উৎপাদন বন্ধের ডাক দিয়েছে EICMA। সংগঠনের প্রেসিডেন্ট মোহিত বাজাজ, ভাইস প্রেসিডেন্ট অচ্যুৎ চন্দ্র, সম্পাদক প্রদীপ আগরওয়াল এবং প্রাক্তন চেয়ারম্যান ভরত কেডিয়া সাংবাদিকদের বলেন, “গত বছরের নভেম্বর থেকে Kraft (পেপার মিলের কাঁচামাল) পেপার এবং বোর্ডের দাম ৬০ থেকে ৬৫ শতাংশ পর্যন্ত বেড়ে গিয়েছে। সেইসঙ্গে বেড়েছে আনুষঙ্গিক খরচ।”

EICMA-এর দাবি, বক্সের দাম নিয়ন্ত্রণে রাখতে দীর্ঘস্থায়ী ভিত্তিতে ব্যবস্থা নেওয়া হোক। সেইসঙ্গে অভ্যন্তরীণ চাহিদা মিটিয়ে কাঁচামাল যাতে রফতানি করা হয়, সেদিকে নজর রাখার জন্য সরকারের কাছে আবেদন জানিয়েছে EICMA।

পূর্ব এবং উত্তর-পূর্ব ভারতে এক লক্ষের বেশি মানুষ এই শিল্পের সঙ্গে সরাসরি যুক্ত। আর পরোক্ষভাবে জড়িত রয়েছেন ১৫ লক্ষের বেশি মানুষ। তাই এই শিল্পে সঙ্কট দেখা দিলে, এই বিপুল সংখ্যক মানুষ বিপন্নতার মুখে পড়বেন বলে আশঙ্কা EICMA-র।